

স্মারক নং: বাউবি/এসএসএস/এমবিএ(বাংলা)/ইন্টার্ন/২১(০৮)/২০২৩/০১/২৪৬ তারিখ: ১৩ চৈত্র, ১৪৩০
২৭ মার্চ, ২০২৪

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র: ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রংপুর/যশোর/বগুড়া/কুমিল্লা/সিলেট/ফরিদপুর
(উপ-আঞ্চলিক কেন্দ্রসহ)। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয়: বাউবির সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল/ওপেন স্কুল/স্কুল অব এডুকেশন/স্কুল অব সায়েন্স এন্ড
টেকনোলজি/স্কুল অব এগ্রিকালচার এন্ড রুর্যাল ডেভেলপমেন্ট/স্কুল অব বিজনেস পরিচালিত সকল মাস্টার্স
প্রোগ্রামের ইন্টার্নশীপ/থিসিস রিপোর্ট মূল্যায়নের বিল পরিশোধ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি পরিচালিত সকল মাস্টার্স প্রোগ্রামের ইন্টার্নশীপ/থিসিস রিপোর্ট
মূল্যায়নের বিল পরিশোধের বিষয়ে নিম্নের নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে:

- ১। ইন্টার্নশীপ/থিসিস রিপোর্ট জমাদানের জন্য সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কগণের নিয়োগ প্রক্রিয়া বর্তমানের মতো
এসএসএস বিভাগ সম্পন্ন করবে।
- ২। নিয়োগ আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক তাঁর প্রোগ্রামের শিক্ষার্থীদের ইন্টার্নশীপ/থিসিসের শিরোনাম
সম্পর্কে অবহিত করবেন। আঞ্চলিক ও সংশ্লিষ্ট উপ-আঞ্চলিক কেন্দ্র প্রধানগণ বা স্টাডি সেন্টারের
সমন্বয়কারীগণ এ বিষয়ে কার্যক্রম ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩। ইন্টার্নশীপ/থিসিস মূল্যায়ন করে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কগণ তাদের প্রাপ্য সম্মানী বিল সমন্বয়কারীর সুপারিশসহ
সংশ্লিষ্ট আঞ্চলিক ও আওতাধীন উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা দেবেন।
- ৪। আঞ্চলিক কেন্দ্র সুপারিশসহ বিলগুলো পরীক্ষা বিভাগে প্রেরণ করবেন। পরীক্ষা বিভাগ বিধি মোতাবেক
তত্ত্বাবধায়কদের ইন্টার্নশীপ/থিসিস রিপোর্ট মূল্যায়নের সম্মানী পরিশোধ করবে।
- ৫। বাউবির বিভিন্ন স্কুল পরিচালিত স্নাতকোত্তর পর্যায়ের সকল প্রোগ্রামের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে।

এ নির্দেশনার আলোকে ইন্টার্নশীপ/থিসিস রিপোর্ট মূল্যায়ন তত্ত্বাবধায়কের সম্মানী বিল প্রক্রিয়াকৃত করার জন্য আঞ্চলিক
পরিচালকগণকে অনুরোধ করা যাচ্ছে।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ওপরে বর্ণিত নির্দেশনাসমূহ কার্যকর থাকবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

ড. আনিস রহমান

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে।

১। রেজিস্ট্রার, বাউবি।

২। ডীন, ওপেন স্কুল, বাউবি।

৩। পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি।

৪। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (বাউবির ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৫। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। একান্ত সচিব, উপ-উপাচার্যের(শিক্ষা) দপ্তর বাউবি (উপ-উপাচার্য (শিক্ষা)মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02-996691113, IP: +88 09666730730, Ex.778

Web: www.bou.ac.bd, E-mail: dirsss@bou.ac.bd, anisrahman.bou@bou.ac.bd.

২৭/৩/২০২৪

২৭/৩/২৪